

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
জেলা: বান্দরবান

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		
তারিখ : (২৬ জুন, ২০১৯) বুলেটিন নং ৫৪		২৬ জুন হতে ৩০ জুন, ২০১৯ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ২২ জুন হতে ২৫ জুন, ২০১৯ তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	২২ জুন	২৩ জুন	২৪ জুন	২৫ জুন
বৃষ্টিপাত (মি.মি)	১.২০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩৫.২	৩৫.২	৩৪.২	৩৪.২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৭.৫	২৮.৫	২৮.০	৩০.৮
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৫-৮৮	৬৭-৮৮	৬৫-৯৩	৬৫-৮৪
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১০.০	৬.৭	৪.৯	৮.৩
মেঘের পরিমাণ (অঙ্কা)	৫	৪	৫	৪
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস
(২৬ জুন হতে ৩০ জুন, ২০১৯) তারিখ পর্যন্ত

আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার)	সীমা
বৃষ্টিপাত (মিমি)	৫৮.২
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩১.৯
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২৫.০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৮৬.০-৮৮.৬
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	৫.৪
মেঘের পরিমাণ (অঙ্কা)	মেঘাচ্ছন্ন আকাশ
বাতাসের দিক	দক্ষিণ/দক্ষিণ-পশ্চিম

আবহাওয়া ভিত্তিক কৃষি পরামর্শ

ফসল	পরামর্শ
ধান	<p>আমন ধান আমন ধানের বীজতলা তৈরি করুন। খোলা জায়গা ও উঁচু জমিতে বীজতলা করতে হবে যাতে জলাবদ্ধতার ঝুঁকি কম থাকে। উঁচু জমি না থাকলে ভাসমান বীজতলা তৈরি করুন। ত্রি ধান ৩৩, ৪৯, ৫১, ৫২, ৩৯ এবং ৮৭ ব্যবহার করা যেতে পারে। ভাল চারা পাওয়ার জন্য প্রতি বর্গ মিটার বীজতলায় ২ কেজি গোবর, ১০ গ্রাম ইউরিয়া ও ১০ গ্রাম জিপসাম প্রয়োগ করুন। মূল জমির কাছে ছোট পুকুর তৈরি করুন যাতে বৃষ্টির পানি ধরে রাখা যায় এবং সেই পানি শুকনো সময়ে ব্যবহার করা যায়। আউশ ধান: চারা রোপন থেকে কুশি পর্যায় চারা রোপন:</p> <ul style="list-style-type: none"> বৃষ্টিপাতের পানি দিয়ে চারা রোপন করুন। <p>কুশি পর্যায়:</p> <ul style="list-style-type: none"> প্রয়োজন মত সেচ দিন এবং জমিতে পানির স্তর ৫-৭ সে.মি. বজায় রাখুন। আগাছা নিধন করুন বা আগাছানাশক প্রয়োগ করুন বৃষ্টিপাতের পর। মাজরা পোকাও পাতা মোড়ানো পোকা এবং ব্লাস্ট ও ব্যাকটেরিয়াজনিত পাতা পোড়া রোগ থেকে রক্ষার জন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করুন। <p>আরও তথ্য ও প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।</p>
পাট	<p>বাড়ন্ত পর্যায় সেচ প্রয়োগ প্রয়োগ থেকে বিরত থাকুন। বিছা পোকাকার আক্রমণ দেখা দিলে -</p> <ul style="list-style-type: none"> ডিম সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে আলোর ফাঁদ ব্যবহার করতে হবে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে <p>সেমিলুপার আক্রমণ করলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে। বৃষ্টিপাতের পর কীটনাশক প্রয়োগ করুন।</p>
সবজি (বেগুন, চিচিংগা, শশা, করল্লা, ঝিঙা, বরবটি, ও টেঁড়শ)	<p>বাড়ন্ত/ফল আসা পর্যায় সেচ প্রয়োগ বিরত থাকুন।</p> <ul style="list-style-type: none"> টেঁড়শ এর মাইট দমনের জন্য প্রতি লিটার পানিতে ১.৫-২ মিলি ইথিয়ন মিশিয়ে স্প্রে করতে হবে। চিচিংগা, শশা, ঝিঙা ও করল্লার জমিতে নির্দিষ্ট সময় পর পর হাত দিয়ে আগাছা নিধন করতে হবে।

	<ul style="list-style-type: none"> • চিচিংগা, কাকরোল ও মিষ্টি কুমড়ায় খুব সকালে ও ঝিঙায় বিকেলে হাত দিয়ে পরাগায়ন করলে শতভাগ ফল আসা নিশ্চিত করা যায়।
মাছ	<p>পুকুরের চারপাশে উঁচু করে বাঁধ দিন। সম্ভব হলে জাল অথবা বাঁশের চাটাই দিয়ে পুকুর ঘিরে দিন যাতে আকস্মিক বন্যার পানিতে ভেসে যেতে না পারে।</p> <p>যেহেতু পুকুরে ইতোমধ্যে পানি জমতে শুরু করেছে, মাছের পোনা ছাড়ার পরামর্শ দেওয়া হলো।</p> <p>আরও পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।</p>
গবাদি পশু	<p>আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে বিভিন্নরোগ দেখা দিতে পারে।</p> <p>নিয়মিত বিরতিতে টীকা ও কৃমিনাশক দিন।</p> <p>আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে গলাফোলা, তড়কা, বাদলা, খুরা রোগ দেখা দিতে পারে, টীকা দেওয়ার পরামর্শ দেওয়া হলো।</p> <p>দুই পাশে উন্মুক্ত পরিবেশ রাখুন যাতে এমোনিয়া জমতে না পারে।</p> <p>আরও পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।</p>
ইসমুরগী	<p>মুরগীর বাচ্চা শুষ্ক স্থানে রাখুন। নিয়মিত বালাইনাশক স্প্রে করুন।</p> <p>রাণীক্ষেত রোগ থেকে রক্ষা পেতে ০১ সপ্তাহ বয়সী বাচ্চাকে এবং গামবোরো রোগ থেকে রক্ষা পেতে ০২ সপ্তাহ বয়সী বাচ্চাকে টীকা দিন।</p> <p>আরও পরামর্শের জন্য নিকটস্থ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।</p>